

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৫৬

আগরতলা, ০৭ সেপ্টেম্বর, ২০২০

জাতীয় শিক্ষানীতি নিয়ে ভার্চুয়াল কনফারেন্স

রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল আজ জাতীয় শিক্ষানীতি বিষয়ে আলোচনা করতে বিভিন্ন রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের রাজ্যপাল, শিক্ষামন্ত্রী, লেফট্যানেন্ট গভর্নর এবং পদস্থ আধিকারিকদের নিয়ে ভার্চুয়াল কনফারেন্সে মিলিত হন। রাজ্যপাল রমেশ বৈস এবং শিক্ষামন্ত্রী রতনলাল নাথ সারা দিনব্যাপী এই ভার্চুয়াল কনফারেন্সে অংশ নেন।

আলোচনায় অংশ নিয়ে রাজ্যপাল রমেশ বৈস জাতীয় শিক্ষানীতিকে স্বাগত জানান। তিনি বলেন, রাজ্যে শিক্ষার প্রসারে রাজ্য সরকার অনেকগুলি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। তৃতীয় থেকে অষ্টম শ্রেণীর ছাত্র ছাত্রীদের সুসংহত পঠন পাঠনের জন্য রাজ্য সরকার নতুন দিশা প্রকল্প রূপায়ণ করছে। রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নতিতে রাজ্য সরকার সব সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত এবং মাদ্রাসাগুলিতে বেস লাইন সার্ভে করেছে। তিনি জানান, রাজ্য সরকার ২২০ জনকে কি-রিসোর্স পার্সন হিসেবে প্রশিক্ষণ দিয়েছে। তাঁরা ১৭ হাজার ৮৪২ জন শিক্ষককে প্রশিক্ষণ দিয়েছেন। বেস লাইন সার্ভেতে বর্তমান ক্লাশে পড়ার উপযুক্ত নয় এমন ১ লক্ষ ৮০ হাজার ছাত্র ছাত্রীকে শিখন অগ্রতির ক্লাশ করানো হয়েছে।

ভার্চুয়াল কনফারেন্স ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি গঙ্গাপ্রসাদ এসাইন, এম বি বি বিশ্ববিদ্যালয়ের ভিসি সত্যদেও পোদার, শিক্ষা দপ্তরের সচিব সৌম্যা গুপ্তা উপস্থিত ছিলেন।
